দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JUL 1984
পৃষ্ঠা 1 কলাম 5



# অনার্স পাসের পর কয়েকশত ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

॥ [illegible] রহমান ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত ১৩টি কলেজ হইতে অনার্স পাস করা কয়েক শত ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। অনার্স পাস করার পর বিনাশর্তে বিশ্ববিদ্যালয়ে ভর্তির দাবীতে ৫ মাস ধরিয়া তাহারা বিভিন্ন কর্মসূচী অব্যাহত রাখিয়াছে। দাবী আদায়ের লক্ষ্যে কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি পেশ, বিশ্ববিদ্যালয় প্রশাসনিক

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## অনার্স পাসের পর

(১ম পৃঃ পর)

ভবনে প্রতীক অনশন করার পরও কোন সুরাহা হয় নাই। তবে কর্তৃপক্ষ সমস্যাটি সমাধানের জন্য টাঙ্গাইল করটিয়া সাদৎ কলেজ, ময়মনসিংহ আনন্দ মোহন কলেজ, ফরিদপুর রাজেন্দ্র কলেজ ও বরিশাল হাতেম আলী কলেজসহ মোট ৫টি কলেজে ৭ বিষয়ে মাষ্টার্স ডিগ্রী

(১ম পৃঃ দ্রঃ)

## অনার্স পাসের পর

(১ম পৃঃ পর)

খোলার নির্দেশ দিয়াছে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা এই উদ্যোগকে স্বাগত জানায় নাই। গত মাসে ডাকসু ভবনে এক সাংবাদিক সম্মেলনে ছাত্র-ছাত্রীরা জানায়, ৫টি কলেজে মাষ্টার্স ডিগ্রী কোর্স খোলার নির্দেশ দেওয়া হইলেও মাষ্টার্স ডিগ্রী পড়ানোর জন্য কলেজে যে সকল সুযোগ সুবিধা থাকা দরকার যেমন; প্রয়োজনীয় শিক্ষক, পাঠাগার সেমিনার শ্রেণী কক্ষ সর্বোপরি আবাসিক সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়া হয় নাই। সাংবাদিক সম্মেলনে বলা হয়, মাষ্টার্স ডিগ্রী কোর্স চালুর নির্দেশ পাইয়া সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ অপারগতা প্রকাশ করিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে চিঠি দিয়াছে। একটি সূত্র ছাত্র-ছাত্রীদের এই বক্তব্যের সত্যতা স্বীকার করিয়াছেন।

বিনাশর্তে বিশ্ববিদ্যালয়ে ভর্তির দাবীর প্রতি একাত্মতা প্রকাশ করিয়া ছাত্র সংগ্রাম পরিষদ ও সংগ্রামী ছাত্র জোট বিবৃতি প্রদান করিলেও গত শুক্রবার শিক্ষা পরিবেশ পরিষদের সভায় কর্তৃপক্ষের সিদ্ধান্তের সহিত ঐক্যমত পোষণ করিয়াছে।' পরিষদের সভায় ভর্তি পরীক্ষার মাধ্যমে মাষ্টার্সে ভর্তি করানোর পূর্বের সিদ্ধান্তই গৃহীত হয়।

ভিসি প্রফেসর আবদুল মান্নান জানান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে আসন সংখ্যা সীমিত কাজেই কলেজ হইতে অনার্স পাস করা ছাত্র-ছাত্রীদের ঢালাও ভর্তি করিয়া নেওয়া বিশ্ববিদ্যালয়ের পক্ষে সম্ভব নয়। এক প্রশ্নের জবাবে প্রফেসর মান্নান বলেন, কলেজের সমস্যার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের করার কিছু নাই। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগ দরকার। তিনি বলেন, ঈদের পর একাডেমিক কাউন্সিলের সভায় অনার্স ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হইবে।

জানা যায়, কর্তৃপক্ষের সিদ্ধান্ত মতে যেসব কলেজে মাষ্টার্স খোলার নির্দেশ দেওয়া হয় নাই সেইসব কলেজের ছাত্র-ছাত্রীদের যাহারা মাধ্যমিক হইতে অনার্স পরীক্ষায় অন্ততঃ দুইটিতে দ্বিতীয় বিভাগ পাইয়াছে তাহাদেরকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে। এদিকে ভর্তি ইচ্ছুকদের সংগঠন' 'ভর্তি সংগ্রাম পরিষদ' দাবী আদায়ের লক্ষ্যে আগামীকাল (সোমবার) ১১টা হইতে ১৯শে জুলাই (মঙ্গলবার) ১১টা পর্যন্ত ২৪ ঘন্টা অনশনের কর্মসূচী নিয়াছে।